

**For Immediate Release:**

21 February 2017

**Contact:**Nikunj Sharma +91 9910397382; [NikunjS@petaindia.org](mailto:NikunjS@petaindia.org)Shambhavi Tiwari +91 9167907382; [ShambhaviT@petaindia.org](mailto:ShambhaviT@petaindia.org)**উন্মোচন: বড়ো বড়ো ভারতীয় পোলট্রি কোম্পানিগুলির দ্বারা ছোটো ছোটো মুরগী ছানা জ্বালিয়ে দেওয়া, ডুবিয়ে দেওয়া, পিষে দেওয়া উদ্ঘাটন করছে একটি****অনুসন্ধানমূলক ভিডিও****ডিম এবং মাংস শিল্পে নৃশংস অভ্যাসগুলিতে ব্যাপক পরিবর্তনের জন্য আহ্বান জানাচ্ছে এবং জনগণকে ভেগান (উদ্ভিদভোজি) হতে আবেদন জানাচ্ছে পিটা ইন্ডিয়া**

হায়দ্রাবাদ - অন্ধ্রপ্রদেশ এবং তেলেঙ্গানায় অনেকগুলি হ্যাচারি এবং ফার্মে অ্যাননিমাস ফর অ্যানিমেল রাইটস দ্বারা চালনা করা এবং পিপল ফর এথিক্যাল ট্রিটমেন্ট অফ অ্যানিমেল (পিটা) দ্বারা সংগৃহীত একটি প্রত্যক্ষদর্শীর অনুসন্ধান উদ্ঘাটন করছে যে হাজার হাজার পুরুষ মুরগী ছানা, যাদের ডিমশিল্প অকেজো বিবেচনা করে, সেইসঙ্গে অন্যান্য অযাচিত মুরগী ছানাদের মাটিতে ফেলে, ডোবায়, জ্বালায়, পিষে দেয় এবং ময়লার পাত্রে ছুঁড়ে ফেলে এবং এমনকী জীবন্ত থাকা অবস্থায় অন্যান্য প্রাণীদের খাওয়ায় ভারতীয় ডিম এবং মাংস শিল্পের প্রধান সদস্যরা।

**অনুসন্ধানমূলক ভিডিওটির এবং বিস্তারিত প্রতিবেদনের বিবরণ দেওয়া এবং বিবরণ ছাড়া সংস্করণ এখানে দেখুন এবং ডাউনলোড করুন। ভিডিও ফুটেজের একটি বিবরণ দেওয়া সংস্করণও এখানে দেখা যেতে পারে এবং একটি আলাদা বিবরণ ছাড়া সংস্করণ এখানে দেখা যেতে পারে।**

প্রত্যক্ষদর্শীটি নীচেরগুলি নথিবদ্ধ করেছেন:

- ইনকিউবেটরে ডিম ফোটা মুরগী ছানাদের মধ্যে বিকলাঙ্গতার কারণ ঘটায়, যেমন অঙ্গগুলি বেরিয়ে আসা।
- শ্রমিক তাদের লিঙ্গ নির্ধারণ করার জন্য মুরগী ছানার সংবেদনশীল যৌনাঙ্গ উপর কঠোর চাপা।
- মুরগী ছানার ঠোঁটের বৃহৎ অংশ প্রচলিত গরম ছুরি দিয়ে এবং অবশ্যকারক ছাড়া কেটে দেওয়া হয় - যাতে ডিম শিল্পে প্রচলিতভাবে দেখতে পাওয়া ছোটো জায়গায় বন্দী থাকার কারণে হতাশা থেকে একে অন্যকে ঠোকরানো থেকে তাদের বাধা দিতে পারে।
- পুরুষ এবং অযাচিত মুরগী ছানাদের তখনো জীবিত থাকা অবস্থায় ডিমের খোসা এবং মরা পাখিদের সঙ্গে পেয়াই করে ছুঁড়ে ফেলা হয়।
- তারা যখন ৩০ মিনিট ধরে প্রাণপণে পালাবার চেষ্টা করে, তাদের জল ভরা পাত্রে ডুবিয়েও দেওয়া হয়।
- কিছুকে আগুনের মধ্যে ছুঁড়ে ফেলা এবং পুড়িয়ে মারা হয়।
- অন্যদের বড়ো ড্রামে অথবা ট্রাকে দলবদ্ধ ভাবে ছুঁড়ে ফেলে খেঁতলে অথবা দমবন্ধ করে মারা হয়।
- কর্মীরা মুরগী ছানা মাছের ফার্মের নিয়ে যায়, জীবন্ত খেয়ে ফেলার জন্য পুকুরে ছুঁড়ে ফেলে, এবং যদি তারা পালিয়ে যাওয়ার চেষ্টা করে, তাদের লাখি মেরে জলে ফেরত পাঠায়।

এইসব অত্যাচারের প্রত্যুত্তরে, পিটা জনগণকে আহ্বান জানাচ্ছে ভেগান (উদ্ভিদভোজি) হতে এবং সরকারকে বলছে নতুন ইন ওভো সেক্সিং প্রকৌশল যাতে মুরগী ছানা ডিমফুটে বেরোনের আগে তাদের লিঙ্গ নির্ধারণ করা হয়, যার ফলে সম্ভবত প্রভূত পরিমাণ পুরুষ ছানার মৃত্যু রোধ করা, অস্বাস্থ্যবান ছানাদের বেদনাহীন স্বেচ্ছামৃত্যুর জন্য

PEOPLE FOR  
THE ETHICAL  
TREATMENT  
OF ANIMALS

PETA India  
PO Box 28260  
Juhu, Mumbai  
400 049  
(22) 4072 7382  
(22) 2636 7383 (f)

Info@petaindia.org  
PETAIndia.com

**NEWS  
RELEASE****Affiliates:**

- PETA US
- PETA Foundation (UK)
- PETA Asia
- PETA Germany
- PETA Netherlands

Registered Office:  
H-341, Ground Floor  
New Rajendra  
Nagar, New Delhi  
110 066

লিখিত মান প্রতিষ্ঠা এবং প্রয়োগ বিবেচনা করতে এবং যেসব কোম্পানি নিষ্ঠুর পছন্দ মুরগী ছানাদের মারে তাদের বিরুদ্ধে কঠিন পদক্ষেপ নিতে।

“অঙ্গহীন মুরগীদের ছোটো খাঁচায় বোঝাই করা থেকে জীবন্ত মুরগী ছানাদের খঁগাতলানো, ডোবানো এবং জীবন্ত জ্বালানো পর্যন্ত, ডিম এবং মাংস শিল্প নিষ্ঠুরতায় ভরা”, বলেছেন পিটা ভারত-এর সিইও পূর্ভা যোশিপুরা। “পিটার বার্তা হল কোনো প্রাণী আমাদের খাদ্যের জন্য কষ্ট না পাওয়া নিশ্চিত করতে একমাত্র পছন্দ ভেগান (উদ্ভিদভোজি) হওয়া।”

ভিডিওটিতে দেখতে পাওয়া মতো, প্রত্যক্ষদর্শী দলিলভুক্ত করেছে বিভিন্ন হত্যার পদ্ধতি যা ব্যবহার করে বিভিন্ন কোম্পানি যেমন ডায়মন্ড গোষ্ঠী, সুগুনা ফুডস্, পোলট্রি শিল্পে একটি সুপরিচিত নাম এবং ভারতে মাংসের জন্য মুরগীর এক নম্বর উৎপাদক; এসএই গোষ্ঠী, যাদের প্রধান কোম্পানি শ্রী নিবাস হ্যাচারিজ, এটির ওয়েবসাইট অনুসারে “এটির কাজ করার অঞ্চলে পোলট্রি শিল্পের ডিম পাড়াদের বাজারের ৯৫% নিয়ন্ত্রণ করে”। এবং এসআর গোষ্ঠী, যাদের মাংস শিল্পের জন্য ছানা উৎপাদন প্রতি মাসে ৬০,০০,০০০, আর এদের ডিম পাড়ার ফার্মে আছে ৫,০০,০০০টি পাখি। ভিডিওটি আরও দেখায় ভেক্টেশ্বর হ্যাচারিজ প্রা: লি. দ্বারা - যাকে প্রচলিত ভাবে ভেক্টিজ বলা হয় - সেলিং অভ্যাসগুলি, সেইসঙ্গে ভারতে বৃহত্তম পোলট্রি উৎপাদকদের মধ্যে একটি, স্কাইলার্ক গোষ্ঠীর স্কাইলার্ক হ্যাচারিজ প্রা: লি: থেকে পরিবহনের কালে মুরগীছানাগুলি খেঁতলে যাওয়া।

আরও তথ্যের জন্য দয়া করে দেখুন [PETAIndia.com](http://PETAIndia.com).

#

PEOPLE FOR  
THE ETHICAL  
TREATMENT  
OF ANIMALS

PETA India  
PO Box 28260  
Juhu, Mumbai  
400 049  
(22) 4072 7382  
(22) 2636 7383 (fa

Info@petaindia.org  
PETAIndia.com

NEWS  
RELEASE

Affiliates:  
• PETA US  
• PETA Foundation (UK)  
• PETA Asia  
• PETA Germany  
• PETA Netherlands

Registered Office:  
H-341, Ground Floor  
New Rajendra  
Nagar, New Delhi  
110 066